



প্রধানমন্ত্রীর সঙ্গে সৌদি রাষ্ট্রদূতের সৌজন্য সাক্ষাৎ



সংগৃহীত ছবি

প্রধানমন্ত্রী তারেক রহমান-এর সঙ্গে সৌজন্য সাক্ষাৎ করেছেন ঢাকায় নিযুক্ত ড. আব্দুল্লাহ জাফর এইচ বিন আবিয়া। রোববার (২২ ফেব্রুয়ারি) সকালে সচিবালয়ের মন্ত্রিপরিষদ বিভাগে এ সাক্ষাৎ অনুষ্ঠিত হয়।

বৈঠকে সরকারপ্রধান হিসেবে দায়িত্ব গ্রহণ করায় তারেক রহমানকে অভিনন্দন জানান সৌদি রাষ্ট্রদূত। পাশাপাশি মোহাম্মদ বিন সালমান-এর পক্ষ থেকে শুভেচ্ছা বার্তাও পৌঁছে দেন তিনি।

আলোচনায় বাংলাদেশ ও সৌদি আরবের পারস্পরিক সম্পর্ক, সহযোগিতার ক্ষেত্র সম্প্রসারণ এবং বিভিন্ন আর্থ-সামাজিক ইস্যু গুরুত্ব পায়। দুই দেশের স্বার্থসংশ্লিষ্ট বিষয়ে ভবিষ্যৎ করণীয় নিয়েও মতবিনিময় হয়।

এর আগে সকাল ৯টার দিকে সচিবালয়ে অফিসে পৌঁছান প্রধানমন্ত্রী। সেখানে তাকে স্বাগত জানান মুখ্য সচিব এ বি এম আব্দুস সত্তার।

LENS ASIA